**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd


ভাদ্র ২৬, ১৪২৫

এফই সার্কুলার নং- ২৬ তারিখ ঃ --------------------

সেপ্টেম্বর ১০, ২০১৮

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার।

**২০১৮-২০১৯ অর্থবছরে রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

দেশের রপ্তানি বাণিজ্যকে উৎসাহিত করার লক্ষ্যে সরকার চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরে কতিপয় পণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। উক্ত সিদ্ধান্তের সূত্রে জুলাই ০১, ২০১৮ হতে জুন ৩০, ২০১৯ তারিখ পর্যন্ত জাহাজীকৃত নিম্নোক্ত পণ্যগুলো রপ্তানির বিপরীতে প্রতিটির পার্শ্বে উল্লিখিত হারে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা পরিশোধ্য হবে ঃ

| ক্রমিক নং | রপ্তানি পণ্যের নাম | প্রযোজ্য হার |
|---|---|---|
| ১. | রপ্তানিমুখী দেশীয় বস্ত্রখাতে শুল্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাক এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা | ৪.০০% |
| ২. | বস্ত্র খাতের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধা (প্রচলিত নিয়মের) | ৪.০০% |
| ৩. | নতুন পণ্য/নতুন বাজার (বস্ত্র খাত) সম্প্রসারণ সহায়তা (আমেরিকা/কানাডা/ইইউ ব্যতীত) | ৪.০০% |
| ৪. | ইউরো অঞ্চলে বস্ত্রখাতের রপ্তানিকারকদের জন্য বিদ্যমান ৪% এর অতিরিক্ত বিশেষ সহায়তা | ২.০০% |
| ৫. | হোগলা, খড়, আখের ছোবড়া ইত্যাদি দিয়ে হাতের তৈরী পণ্য রপ্তানি খাতে নগদ সহায়তা (নারিকেল ছোবড়া আঁশ দ্বারা উৎপন্ন পণ্যসহ) | ২০.০০% |
| ৬. | কৃষিপণ্য (শাকসব্জি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রসেসিং) কৃষিপণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ৭. | গরু মহিষের নাড়ি, ভুঁড়ি, শিং ও রগ (হাড় ব্যতীত) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৮. | হাল্কা প্রকৌশল পণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |
| ৯. | ১০০% হালাল মাংস রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১০. | হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানি খাতে নগদ সহায়তা ঃ<br>(ক) হিমায়িত চিংড়ি রপ্তানিতে বরফ আচ্ছাদনের হার<br>Up to 20%<br>Above 20% to 30%<br>Above 30% to 40%<br>Above 40%<br>(খ) হিমায়িত অন্যান্য মাছ রপ্তানিতে বরফ আচ্ছাদনের হার<br>Up to 20%<br>Above 20% to 30%<br>Above 30% to 40%<br>Above 40% | <br><br>১০.০০%<br>৯.০০%<br>৮.০০%<br>৭.০০%<br><br>৫.০০%<br>৪.০০%<br>৩.০০%<br>২.০০% |
| ১১. | চামড়াজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ সহায়তা (সিলিং সীমা পূর্ববর্তী অর্থবছরের ন্যায় অব্যাহত থাকবে) | ১৫.০০% |
| ১২. | সাভারে চামড়া শিল্প নগরীতে অবস্থিত কারখানা ও সাভারের বাইরে অবস্থিত নিজস্ব ইটিপি রয়েছে এরূপ কারখানাসমূহে উৎপাদিত ক্রাস্ট ও ফিনিশড লেদার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ১৩. | জাহাজ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ১৪. | আলু রপ্তানি খাতে নগদ সহায়তা | ২০.০০% |
| ১৫. | (ক) পেট বোতল-ফ্লেক্স রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি<br>(খ) পেট বোতল-ফ্লেক্স হতে উৎপাদিত পলিইয়েস্টার স্টাপল ফাইবার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি (পেট বোতল-ফ্লেক্স খাতের জন্য বিদ্যমান সার্কুলারগুলোর আওতায় পরিশোধযোগ্য)। | ৫.০০%<br>১০.০০% |
| ১৬. | ফার্নিচার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |
| ১৭. | শস্য ও শাক সবজি-এর বীজ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১৮. | পাটকাঠি থেকে উৎপাদিত কার্বন রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১৯. | প্লাস্টিক দ্রব্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২০. | দেশে উৎপাদিত কাগজ ও কাগজ জাতীয় দ্রব্য রপ্তানিতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২১. | আগর ও আতর রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ২২. | বাংলাদেশ হতে সফটওয়্যার, আইটিইএস (Information Technology Enabled Services) ও হার্ডওয়্যার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২৩. | Active Pharmaceuticals Ingredients (API) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ২৪. | অ্যাকুমুলেটর ব্যাটারী (HS Code: 8507.10 এবং 8507.20) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |
| ২৫. | সিনথেটিক ও ফেব্রিকস এর মিশ্রণে তৈরী পাদুকা রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |

চলমান পাতা-২

| | | |
|---|---|---|
| ২৬. | পাটজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ ভর্তুকি ঃ<br>ক) পাট সুতা (ইয়ার্ন ও টোয়াইন)<br>খ) পাটজাত চূড়ান্ত দ্রব্য (হেসিয়ান, সেকিং ও সিবিসি)<br>গ) বৈচিত্রকৃত পাট পণ্য (Diversified Jute Products)<br>(পাট আইন ২০১৭ তে উল্লিখিত বৈচিত্রকৃত পাটপণ্যের সংজ্ঞা অনুসারে ন্যূনতম ৫০ ভাগ মূল্যমানের পাটের ব্যবহার থাকতে হবে) | <br>৭.০০%<br>১২.০০%<br>২০.০০% |

২। উপরিউক্ত পণ্যগুলো ছাড়াও নিম্নোক্ত রপ্তানি পণ্যে ২০১৮-২০১৯ অর্থ বছর হতে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে ঃ

| ক্রমিক নং | রপ্তানি পণ্যের নাম | প্রযোজ্য হার |
|---|---|---|
| ১. | ফার্মাসিউটিক্যালস পণ্য | ১০.০০% |
| ২. | Photovoltaic Module | ১০.০০% |
| ৩. | মোটর সাইকেল | ১০.০০% |
| ৪. | কেমিক্যাল পণ্য (ক্লোরিন, হাইড্রোক্লোরিক এসিড, কস্টিক সোডা এবং হাইড্রোজেন পারঅক্সাইড) | ১০.০০% |
| ৫. | রেজার ও রেজার ব্লেডস্ | ১০.০০% |
| ৬. | সিরামিক দ্রব্য | ১০.০০% |
| ৭. | টুপি | ১০.০০% |
| ৮. | কাঁকড়া ও কুঁচে (হিমায়িত ও সফটসেল)<br>(পরিবেশ ও বন বিভাগের ছাড়পত্র গ্রহণ সাপেক্ষে) | ১০.০০% |
| ৯. | Galvanized Sheet/Coils (Coated with Zinc, Coated with Almunium ও Zinc এবং Color Coated) | ১০.০০% |

উপরিউক্ত ২নং ক্রমিকস্থ ৯টি পণ্যের রপ্তানি খাতে সার্কুলার জারী হওয়ার পর থেকে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা গ্রহণ করা যাবে।

৩। রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে এফই সার্কুলার নম্বর ২৪, তারিখ সেপ্টেম্বর ২০, ২০১৬ ও এফই সার্কুলার নম্বর ৩১, তারিখ আগস্ট ১৭, ২০১৭ এ বর্ণিত প্রযোজ্য শর্তসহ সকল এফই সার্কুলার/সার্কুলারপত্রের প্রযোজ্য অপরাপর নির্দেশনাসমূহ যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদ্‌মর্মে অবহিতকরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ হারুন-অর-রশিদ)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৬২৫